

বিভাগ/অধ্যায়ঃ মীকাত ও এহরাম

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

দ্বিতীয় এহরাম: হজ্জের নিয়তে মক্কা থেকে

মক্কা শরীফ যাওয়ার পর উমরা আদায়ের পর মাথার চুল খাটো করে অথবা মাথা মুন্ডন করে এহরাম খুলে ফেলে স্বাভাবিক পোশাক-আশাক পরে ইবাদত বন্দেগিতে মশগুল থাকুন ও যত বেশি সম্ভব বায়তুল্লাহর তাওয়াফ করুন। ৮ জিলহজ্জ আবার আপনাকে এহরাম বাঁধতে হবে। এবারের এহরাম হবে হজ্জের নিয়তে। এ এহরামের জন্য কোথাও যেতে হবে না। আপনি যে বাসায় বা হোটেলে আছেন সেখান থেকেই এহরাম বাঁধুন।[1] পূর্বের ন্যায় ক্ষৌরকর্ম সেরে নিয়ে গোসল করে নিন। শরীরে, দাড়িতে ও মাথায় আতর মাখুন। এহরামের কাপড় পড়ে নিন। ফরজ সালাতের সময় হলে ফরজ সালাত আদায় করুন। অন্যথায় তাহিয়াতুল ওজুর দু'রাকাত সালাত আদায় করুন। এরপর মনে মনে হজ্জের নিয়ত করুন, ও মুখে বলুন **لَبَّيْكَ حَجًّا** (লাববাইকা হাজ্জান) এরপর পুরা তালবিয়া পড়ে নিন।

[1]- দেখুন বোখারি : হাদিস নং ১৪২৯

Source — <https://www.hadithbd.com/books/link/?id=3473>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন